

## “Enhancing GoB’s Aid Management and Coordination Capacity for Sustainable Development” Project

প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণঃ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক ইতোমধ্যে বাস্তবায়িত “Strengthening Capacity for Aid Effectiveness in Bangladesh” শীর্ষক প্রকল্পের আওতায় AIMS (Aid Information Management System) সফটওয়্যার তৈরী করা হয়। মাননীয় অর্থমন্ত্রী বিগত ২৬ অক্টোবর ২০১৪ তারিখে এটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বৈদেশিক সহায়তায় (Foreign Aid) উন্নয়ন সহযোগী, এনজিও ও অন্যান্য অংশীজনের অংশগ্রহণের তথ্য ও উন্নয়নে এর স্বচ্ছ এবং যথাযথ ব্যবহারের প্রতিফলন হচ্ছে এইমস। সরকার, উন্নয়ন সহযোগী ও অন্যান্য অংশীজনের অংশীদারিত্বের সমন্বয়যোগী তথ্য ও প্রতিনিয়ত পরিবর্তনশীল উন্নয়নের গতিময়তাকে সঠিকভাবে ধারণ করতে AIMS-এ আরও আধুনিক প্রযুক্তির সমন্বয় ঘটানো প্রয়োজন। এছাড়াও সরকার/উন্নয়নসহযোগীসহ সকল অংশীজনকে অধিকতর প্রশিক্ষণ প্রদান, দেশে ও আন্তর্জাতিক পরিসরে বিভিন্ন প্ল্যাটফর্মের সাথে AIMS-এর বহল ব্যবহারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে “Enhancing GoB’s Aid Management and Coordination Capacity for Sustainable Development” শীর্ষক প্রকল্পের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়াও, এ প্রকল্প বাস্তবায়ন সকল অংশীজনের AIMS ব্যবহার নিশ্চিত করবে। এ প্রেক্ষাপটে, আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৯৮৭.১৫ লক্ষ টাকা যার সম্পূর্ণটাই জাপান সরকারের ‘ডেট রিলিফ গ্র্যান্ট এইড-কাউন্টারপার্ট (ডিআরজিএ-সিএফ)’ এর অনুদান।

**প্রকল্পের শিরোনাম:** এনহেন্সিং জিওবি’জ এইড ম্যানেজমেন্ট এন্ড কো-অর্ডিনেশন ক্যাপাসিটি ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট (Enhancing GoB’s Aid Management and Coordination Capacity for Sustainable Development)

**প্রকল্পের মেয়াদ:** অক্টোবর ২০১৮ হতে সেপ্টেম্বর ২০২১

**উন্নয়ন সহযোগীঃ** জাপানী অনুদান (DRGA-CF)

**বৈদেশিক সহায়তার পরিমাণ ও প্রকৃতিঃ** মোট ৯৮৭.১৫ লক্ষ টাকা (সম্পূর্ণ প্রকল্প সাহায্য)।

**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**বাস্তবায়নকারীঃ** অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)

**জাতীয় প্রকল্প পরিচালকঃ** নিয়োগ প্রক্রিয়াধীন

**উপপ্রকল্প পরিচালকঃ** জনাব মোহাম্মদ কামরুল হাসান মোল্ল্যা, উপসচিব (ডিই-৪ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)

**প্রকল্পের সার্বিক উদ্দেশ্য:** প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়িত হলে সরকার ও সকল অংশীজন যেমনঃ উন্নয়ন সহযোগী, এনজিও, পরিকল্পনা কমিশন, অর্থ বিভাগ, ফাৰা, পরিসংখ্যান ব্যুরো সকলে চলমান সময়ে (real time) হালনাগাদ তথ্য লাভ করবে -যা নীতি নির্ধারণে তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে।

**প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:**

- এই প্রকল্পের মাধ্যমে অর্থ বিভাগের নতুন শ্রেণীবিন্যাস কোডসহ জলবায়ু তহবিলের অর্থায়ন সংক্রান্ত তথ্যাবলী AIMS-এ সংযোজনের উদ্যোগ নেয়া হবে। এছাড়াও বাংলাদেশ GPEDC (Global Partnership for Effective Development Cooperation) এর Co-chair হিসেবে বৈদেশিক সাহায্য সংক্রান্ত বিভিন্ন Survey-তে এ প্রকল্পের মাধ্যমে সহযোগিতা সম্প্রসারণের সুযোগ সৃষ্টি হবে। বাংলাদেশ একইসঙ্গে IATI (International Aid Transparency Initiative)-এর Vice-chair হিসাবে বৈদেশিক সাহায্য সংক্রান্ত তথ্যের আন্তর্জাতিক মানদণ্ড প্রতিপালনের ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ। এ প্রকল্প এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
- এই প্রকল্পের ফলে বিভিন্ন উৎস হতে তথ্য সংগ্রহের ক্ষেত্রে দীর্ঘসূত্রতার অবসান হবে। এছাড়াও বিভিন্ন অংশীজন যেমনঃ সাধারণ জনগণ, সাংবাদিক, সুশীল সমাজ, গবেষণাকর্মীসহ সকলে এ তথ্য ভান্ডার হতে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ করতে পারবে -ফলে উন্নয়নের অগ্রযাত্রা সম্পর্কে সমাজের সকল শ্রেণী-পেশার মানুষ সম্যক ধারণা পাবে। উপরন্তু আন্তর্জাতিক ফোরামসমূহে বৈদেশিক সহায়তার যথার্থ ব্যবহারে বাংলাদেশের সদিচ্ছার একটি চলমান উদাহরণ হিসেবে এটি বিবেচিত হবে।

**প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রমসমূহ:**

- উন্নয়নসহযোগী, এনজিও এবং অন্যান্য অংশীজনের তথ্য-উপাত্ত সংগ্রহ ও প্রাপ্যতা সহজীকরণের লক্ষ্যে AIMS সংক্রান্ত কম্পিউটার সফটওয়্যার তৈরী ও উন্নীতকরণ;
- দেশে ও আন্তর্জাতিক পরিসরে বিভিন্ন প্ল্যাটফর্মের সাথে AIMS এর বহুল ব্যবহারের প্রয়োজনীয়তার লক্ষ্যে সরকারী কর্মকর্তা, এনজিও এবং অন্যান্য অংশীজনকে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্রদান;
- AIMS ব্যবহারের গুরুত্ব ও প্রয়োজনীয়তার জন্য বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের নিয়ে স্থানীয় সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স আয়োজন করা;
- LCG Secretariat-কে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও সার্বিক সাচিবিক সহযোগিতা প্রদান

**অগ্রগতি:**

প্রকল্পের প্রথম ২০১৮-১৯ অর্থবছরে সার্বিক অগ্রগতি ৮০.০৮% এবং দ্বিতীয় ২০১৯-২০ অর্থবছরে অগ্রগতি ৩৫.৩৯%। ২০১৮-১৯ অর্থবছরে প্রকল্পের টিএপিপি অনুযায়ী ২ টি সেমিনার, ২ টি স্থানীয় প্রশিক্ষণ এবং ১ টি বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়। ২০১৯-২০ অর্থবছরে ঢাকায় ১ টি, ঢাকার বাইরে ঠাকুরগাঁও এ ১টি- মোট ২টি স্থানীয় প্রশিক্ষণ এবং শ্রীলংকায় স্বল্প মেয়াদের জন্য ১টি বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়। এছাড়া উক্ত অর্থবছরে

প্রকল্পের অগ্রগতি অব্যাহত রাখার জন্য কিছু প্রয়োজনীয় অফিস আসবাবপত্র ক্রয় করা হয় এবং মাসিক ভিত্তিতে একটি গাড়ী ভাড়া করা হয়।